



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর বিভাগ  
এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা  
এর মধ্যে স্বাক্ষরিত

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১০
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১১
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১২
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৪
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৬
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৭
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৮
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	১৯

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর রংপুর বিভাগ এর অধীনে ৮টি উপজেলার পল্লী অঞ্চলে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা ও স্যানিটেশনের উন্নয়ন সাধনে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর রংপুর বিভাগ জনগনকে সেবা প্রদান করে চলেছে। প্রায় প্রতি বছর নদী ভাংগন, বন্যা, খরা সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ মুহর্তে প্রশাসনের সাথে সমন্বয় করে দুর্যোগ মোকাবিলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর রংপুর বিভাগ সদা নিয়োজিত। এ ছাড়া রংপুর জেলার ৩টি পৌরসভা (হারাগাছ, পীরগঞ্জ ও বদরগঞ্জ) ও রংপুর সিটি কর্পোরেশন এলাকায় নিরাপদ পানি ও স্যানিটেশন উন্নয়নে কাজ করে যাচ্ছে। বিগত ৩ বছরে রংপুর জেলার পল্লী ও সিটি কর্পোরেশন এলাকায় বিভিন্ন প্রকার পানির উৎস- ৪৫০০, পৌর ও সিটি এলাকায় ২১টি পরীক্ষামূলক নলকূপসহ ২১টি উৎপাদক নলকূপ স্থাপন সম্পন্ন, ২১টি পাম্পঘর নির্মাণ সমাপ্ত এবং ১১৮কিমি পানির লাইন স্থাপন এবং ২০কিমি পুনঃস্থাপন কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া ৩৫০ঘনমিটার/ঘন্টা ক্ষমতাসম্পন্ন ১টি আয়রন রিমুভাল প্লান্ট নির্মাণ ও ফাংশনাল বিল্ডিং ১টি নির্মাণ, আর.সি.সি পাইপ ডেন ১২৫০মিঃ নির্মাণ সম্পন্ন হয়েছে। পল্লী এলাকায় ২০০০টি স্বল্পমূল্যের স্যানিটারী ল্যাট্রিন ও ১৩টি পাবলিক টয়লেট নির্মাণ ও ২৫টি কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ সম্পন্ন হয়েছে। পল্লী এলাকায় ২টি পুকুর পুনঃখননের কাজ সম্পন্ন হয়েছে। পৌর এলাকায় ৯কিমি আর.সি.সি ডেন নির্মাণ নির্মাণ সম্পন্ন হয়েছে। পৌর এলাকায় পানি সরবরাহের গৃহ সংযোগ- ১০০০টি স্থাপন সমাপ্ত হয়েছে।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

রংপুর জেলা দেশের উত্তরাঞ্চলের একটি জেলা। জলবায়ু পরিবর্তনের প্রভাবে দেশের উত্তরাঞ্চলের মরু প্রবণতা দেখা দেয়ায় ভূগর্ভস্থ পানির স্তর দিনে দিনে নীচে নেমে যাচ্ছে। তাই এ জেলায় সুপেয় পানি সরবরাহ নিশ্চিতকরন একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হলো চাহিদার তুলনায় প্রাপ্য বরাদ্দের স্বল্পতা। এর সঙ্গে যুক্ত হয়েছে আর্সেনিক ও আয়রন সমস্যা। স্থায়ীত্বশীল স্যানিটেশন প্রযুক্তির অভাবে বন্যাদুর্গত এলাকায় স্যানিটেশনের সমস্যা এখনও প্রকট। এ জেলায় ১টি পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ লাইন স্থাপন কাজ হাতে নেয়া হলে ও অপর ২টি পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা স্থাপন অত্যন্ত জরুরী।

### ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে। যেমন- প্রতি ৫০জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ভূপৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরন। জেলার প্রতিটি ইউনিয়নে তথা আর্সেনিক আক্রান্ত এলাকায় পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন, স্বাস্থ্যসম্মত ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরন এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরন।

### ২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- স্থাপিত অগভীর নলকূপ/উৎস- ১৮০০ টি।
- স্থাপিত অগভীর তারা নলকূপ/উৎস- ১৪০টি।
- কমিউনিটি বেসড ওয়াটার সাপ্লাই স্কীম- ৬০টি
- পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা – ২০০০টি।
- পল্লী ও পৌর এলাকায় কমিউনিটি ল্যাট্রিন স্থাপন- ৩০টি।
- পল্লী ও পৌর এলাকায় পাবলিক টয়লেট স্থাপন- ৫টি।
- পল্লী ও পৌর এলাকায় টুইন পিট ল্যাট্রিন স্থাপন- ২০০টি।
- পল্লী ও পৌর এলাকায় আরসিসি ডেন নির্মাণ- ১৫০০মিঃ।

## প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর বিভাগ, রংপুর

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: